# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৬৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ ব্যাপক অর্থবোধক বাক্যের মাধ্যমে মহান প্রতিপালকের কাছে কল্যান কামনা ও অকল্যান থেকে পরিত্রান চাওয়ার নির্দেশ

## ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ أَنْ يَسْأَلَ رَبَّهُ جَلَّ وَعَلَا جَوَامِعَ الْخَيْرِ وَيَتَعَوَّذَ بِهِ مِنْ جَوَامِعِ الشر

আরবী

866 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ مَا لَا أُحْصِي مِنْ مَرَّةٍ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا حمادُ بْنُ سَلَمَةَ عَنِ الْجُرَيْرِيِّ عَنْ أُمِّ كُلْثُومٍ بِنْتِ أَبِي بَكْرٍ عَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم علَّمها أَنْ تَقُولَ: (اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنَ الْخَيْرِ كُلِّهِ عَاجِلَهُ وَآجِلَهُ مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ أَعْلَمْ وَأَعُوذُ بِكَ مِنَ الشَّرِّ كُلِّهِ عَاجِلَهُ وَآجِلَهُ مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ أَعْلَمْ. اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنَ الْخَيْرِ مَا سَأَلَكَ عَبْدُكَ وَنَبِيُّكَ وَأَعُوذُ بِكَ مِنَ الشَّرِّ مَا عَاذَ بِهِ عَبْدُكَ وَنَبِيُّكَ وَأَسْأَلُكَ الْجَنَّةَ وَمَا قَرَّبَ إِلَيْهَا مِنْ قَوْلٍ وَعَمَلٍ وَأَعُوذُ بِكَ مِنَ النَّارِ وَمَا قَرَّبَ إِلَيْهَا مِنْ قَوْلٍ وَعَمَلٍ وَأَسْأَلُكَ أَنْ تَجْعَلَ كُلَّ قضاء قضيته لي خيراً)

الراوي : عائشة االمحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 866 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৬৬. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে এই দু‘আ করতে শিখিয়েছেন, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنَ الْخَيْرِ كُلِّهِ عَاجِلَهُ وَآجِلَهُ مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ أَعْلَمْ وَأَعُوذُ بِكَ مِنَ الشَّرِّ كُلِّهِ عَاجِلَهُ وَآجِلَهُ مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ أَعْلَمْ. اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنَ الْخَيْرِ مَا سَأَلَكَ عَبْدُكَ وَنَبِيُّكَ وَأَعُوذُ بِكَ مِنَ الشَّرِّ مَا عَاذَ بِهِ عَبْدُكَ وَنَبِيُّكَ وَأَسْأَلُكَ الْجَنَّةَ وَمَا قَرَّبَ إِلَيْهَا مِنْ قَوْلٍ وَعَمَلٍ وَأَعُوذُ بِكَ مِنَ النَّارِ وَمَا قَرَّبَ إِلَيْهَا مِنْ قَوْلٍ وَعَمَلٍ وَأَسْأَلُكَ أَنْ تَجْعَلَ كُلَّ قضاء قضيته لي خيراً (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে ইহকালীন, পরকালীন, যা আমি জানি আর যা আমি জানি না- সমস্ত কল্যান চাচ্ছি। আর আমি আপনার কাছে ইহকালীন, পরকালীন, যা আমি জানি আর যা আমি জানি না- সমস্ত অকল্যান থেকে পানাহ চাচ্ছি। হে আল্লাহ,

আমি আপনার কাছে সে কল্যান চাই যা চেয়েছিলেন আপনার বান্দা ও আপনার নাবী। আর আমি আপনার কাছে সে অকল্যান থেকে আশ্রয় চাই যা থেকে আশ্রয় চেয়েছিলেন আপনার বান্দা ও আপনার নাবী। আমি আপনার কাছে চাচ্ছি জান্নাত এবং সেসব কথা ও কাজ যা জান্নাতের কাছে পৌঁছে দিবে। আমি আপনার কাছে আশ্রয় চাচ্ছি জাহান্নামের আগুন থেকে এবং আশ্রয় চাই সেসব কথা ও কাজ থেকে যা জাহান্নামের কাছে পৌঁছে দিবে। আমি আপনার কাছে কামনা করছি যে, আপনি আমার জন্য যে ফায়সালা করেছেন, তা আমার জন্য কল্যানকর বানিয়ে দিন।”[1]

## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৯১০; মুসনাদ আহমাদ: ৩/৪৭৪; আবূ দাঊদ: ৭৯২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৫৪২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89369

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন